

নৈতিকতা সভার কার্যবিবরণী

সভার তারিখ	: ২৯ আগস্ট ২০২৩
সময়	: সকাল ১০.০০ ঘটিকা
স্থান	: উপজেলা পরিসংখ্যান কার্যালয়, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ
সভাপতি	: মিন্টু সরকার, পরিসংখ্যান কর্মকর্তা, উপজেলা পরিসংখ্যান কার্যালয় সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
উপস্থিতির তালিকা	: পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভার শুরুতেই সভায় উপস্থিত থেকে পরিসংখ্যান কর্মকর্তা জনাব মিন্টু সরকার, বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল সরকারের একটি যুগোপযোগী পদক্ষেপ। শুদ্ধাচার কৌশল প্রণয়নের মূল উদ্দেশ্য সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে স্ব-স্ব কর্ম সম্পাদনের মাধ্যমে সরকারের সকল কার্যক্রমে সুশাসন প্রতিষ্ঠা করা। অতঃপর সভাপতি এজেন্ডা অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন।

০২। সভার আলোচ্য বিষয়গুলো হলোঃ

- ২০২৩-২৪ অর্থবছরের ক্রয় পরিকল্পনা গ্রহণ ও ওয়েবসাইটে প্রকাশ;
- অফিসের প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারীর নৈমন্তিক ছুটির রেজিস্টার নিয়মিত হালনাগাদকরণ;
- সরকারী যানবাহনের যথাযথ ব্যবহার ও রক্ষনাবেক্ষণ নিশ্চিতকরণ;
- বিবিধ।

০৩। আলোচ্য বিষয়ের উপর উপস্থিত সদস্যগণ মতামত প্রদান করেন। সভাপতি আলোচ্য বিষয়সমূহ বাস্তবায়ন এবং প্রমাণক সংরক্ষণের উপর গুরুত্বারোপ করেন।

০৪। বিস্তারিত আলোচনায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

- ২০২৩-২৪ অর্থবছরের বাজেট প্রাপ্যতার উপর ভিত্তি করে ক্রয় পরিকল্পনা গ্রহণ ও ওয়েবসাইটে প্রকাশ করা হবে;
- অফিসের প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারীর নৈমন্তিক ছুটির রেজিস্টার নিয়মিত হালনাগাদকরণ করা হবে;
- সরকারি মোটর সাইকেলের যথাযথ ব্যবহার ও নিয়মিত সার্ভিসিং নিশ্চিত করতে হবে এবং এই বিষয়ে ষাণ্মাসিক প্রতিবেদন দাখিল করতে হবে।

০৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মিন্টু সরকার
পরিসংখ্যান কর্মকর্তা(অ.দা.)
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ
ফোন/মোবাইল: ০১৭০৩২৪২৪২৫
ইমেইল: msarker@bbs.gov.bd

বিতরণ: সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে

০১। উপপরিচালক(ভারপ্রাপ্ত), জেলা পরিসংখ্যান অফিস, সুনামগঞ্জ।

০২। জনাব.....।

০৩। অফিস কপি।